


সরকারি বিএম কলেজ, বরিশাল।

বিজ্ঞাপ্তি

তারিখ- ০৫/১২/২০১৭

এতদ্বারা সংশ্লিষ্ট বিভাগের প্রধানদের আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, মহান বিজয় দিবস- ২০১৭ উপলক্ষে কলেজে আন্তঃ বিভাগ প্রীতি ক্রিকেট টুর্নামেন্ট -এর আয়োজন করা হয়েছে। উক্ত টুর্নামেন্টে অংশগ্রহণের জন্য আপনার বিভাগের ১৫ জন খেলোয়ারের নাম সম্বলিত একটি দলের তালিকা আগামী ০৬/১২/২০১৭ তারিখ ০১.০০টার মধ্যে শরীর চর্চা শিক্ষক জনাব মোঃ আফিল উদ্দীন এর নিকট জমা দেয়ার জন্য অনুরোধ করা গেল।


- টিম গঠন ও খেলা পরিচালনার নিয়মাবলী সংযুক্ত করা হলো।



অধ্যক্ষ
সরকারি বিএম কলেজ
বরিশাল।


আহবায়ক
বিজয় দিবস প্রীতি ক্রিকেট টুর্নামেন্ট - ২০১৭
সরকারি বিএম কলেজ, বরিশাল।

টীম গঠন ও খেলা পরিচালনার নিয়মাবলী :-

১. বিজয় দিবস প্রীতি ক্রিকেট টুর্নামেন্টে শুধু মাত্র বিএম কলেজের নিয়মিত ছাত্ররা অংশ গ্রহণ করতে পারবে।
 ২. ১০ (দশ) ওভারের খেলা অনুষ্ঠিত হবে।
 ৩. আই.সি.সি এর নিয়মানুযায়ী ও বিজয় দিবস প্রীতি ক্রিকেট টুর্নামেন্ট কমিটি কর্তৃক নির্ধারিত নিয়মানুযায়ী প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।
 ৪. প্রতিদলে ১৫ (পনের) জন খেলোয়ারের নাম অন্তর্ভুক্ত হতে পারবে।
 ৫. খেলা শুরু ২ঘন্টা আগে দ্বাদশ খেলোয়ার সহ ১২ জনের চূড়ান্ত নামীয় তালিকা কমিটির নিকট জমা দিতে হবে।
 ৬. নক আউট পদ্ধতিতে খেলা অনুষ্ঠিত হবে।
 ৭. খেলা শুরু হবার নির্ধারিত সময়ের ৩০ মিনিট আগে পোশাক ও খেলার সরঞ্জাম সহ মাঠে প্রবেশ করতে হবে।
 ৮. খেলার তালিকায় বিএম কলেজের নিয়মিত ছাত্রের বাহিরের কেউ অন্তর্ভুক্ত হলে ঐ দলকে বহিস্কার করা হবে।
 ৯. খেলা চলাকালীন আম্পায়ারের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
 ১০. খেলার সময়সূচী কোনক্রমেই পরিবর্তন করা হবে না।
 ১১. বিভাগীয় প্রধান অবশ্যই খেলোয়ারদের দলীয় ছবি তালিকার সাথে সংযুক্ত করে প্রত্যয়ন করবেন।
- বিঃদ্রঃ- স্ব স্ব বিভাগের খেলোয়ারদের সাথে খেলা চলাকালীন অবস্থায় কমপক্ষে ৩ জন শিক্ষক সার্বক্ষণিক খেলার মাঠে অবস্থান করবেন।


অধ্যক্ষ
সরকারি বিএম কলেজ
বরিশাল।


আহবায়ক
বিজয় দিবস প্রীতি ক্রিকেট টুর্নামেন্ট - ২০১৭
সরকারি বিএম কলেজ, বরিশাল।